

শিক্ষা গবেষণা ও উন্নয়নে জমি অর্থ প্রয়োজন ॥ খুবির ভিসি

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ খুলনা বিশ্ববিদ্যালয়ে যুগোপযোগী নতুন নতুন ডিসিপ্রিন খোলা হবে। প্রয়োজনীয় অবকাঠামো না থাকায় বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম ব্যাহত হচ্ছে। শিক্ষা, গবেষণা ও উন্নয়নের জন্য খুলনা বিশ্ববিদ্যালয়ের আরও জমি ও অর্থ প্রয়োজন। সেমবার সকালে খুলনা বিশ্ববিদ্যালয়ের (খুবি) প্রশাসনিক ভবনের কনফারেন্স রুমে সাবোদিকদের সঙ্গে মতবিনিময়কালে খুবির-নবনিযুক্ত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ সাইফুলিন শাহ এ কথা বলেন।

খুবির ভাইস চ্যান্সেলর বলেন, প্রতিষ্ঠাকাল থেকে তিনি খুলনা বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতা করে আসছেন। এ বিশ্ববিদ্যালয়ের সমস্যা সম্পর্কে তিনি অবগত। দ্রুততার সঙ্গে অনেক সমস্যার সমাধান করা তাঁর জন্য সহজ হবে। তিনি খুবির সমস্যা সমাধানের জন্য সরকারের সহযোগিতা কামনা করেন। খুবির ভাইস চ্যান্সেলর আরও বলেন, খুলনা

বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে দুই দশক পূর্বে। সময়ের বিচারে নবীন হলেও খুলনা বিশ্ববিদ্যালয়ে ইতোমধ্যে দেশে-বিদেশে সুনাম অর্জন করেছে। সুনাম অক্ষুণ্ণ রেখে খুলনা বিশ্ববিদ্যালয়কে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে হবে।

যুগের চাহিদা মেটানোর জন্য খুবিতে নতুন নতুন ডিসিপ্রিন খোলা হবে। এখানে প্রয়োজনীয় অবকাঠামো নেই। আরও একাডেমিক ভবন ও ছাত্রছাত্রীদের হল দরকার। প্রয়োজন শিক্ষক-কর্মকর্তাদের আবাসন ও টেকনিক্যাল সাবজেক্টের শিক্ষার্থীদের প্রাকটিক্যালের জন্য ফার্ম, জমি ও অর্গানাইজেশন করা সম্ভব হচ্ছে না। মতবিনিময় সভায় অন্যান্যের মধ্যে খুবির ট্রেজারার প্রফেসর শেখ মোঃ হাসিব, যেকিষ্টার মোঃ নজরুল ইসলাম এবং জনসংযোগ ও প্রকাশনা বিভাগের উপপরিচালক এসএম আতিয়ার রহমান উপস্থিত ছিলেন।